**পিতামাতা এবং অভিভাবকদের জন্য তথ্য**

# গুরুতর জন্মগত হৃদরোগ (Critical Congenital Heart Disease, CCHD)-এর জন্য পালস অক্সিমেট্রি স্ক্রীনিং

## কম ফলাফলের অর্থ কী?

### CCHD কী?

CCHD, বা গুরুতর জন্মগত হৃদরোগ হলো একটি চিকিৎসাগত সমস্যা। এটি তখন ঘটে যখন একটি শিশুর হৃৎপিণ্ড বা হৃৎপিণ্ডের কাছের প্রধান রক্তনালীগুলি সঠিকভাবে গঠিত হয় না। হৃৎপিণ্ড হয়তো ভালোভাবে কাজ নাও করতে পারে এবং রক্তে পর্যাপ্ত অক্সিজেন নাও থাকতে পারে।



### পালস অক্সিমেট্রি কী?

পালস অক্সিমেট্রিকে কখনও কখনও “pulse ox” বলা হয়। এটি CCHD-এর জন্য শিশুদের স্ক্রীনিং করতে ব্যবহৃত হয়। এই পরীক্ষাটি শিশুর রক্তে অক্সিজেনের পরিমাণ এবং তাদের পালস রেট পরিমাপ করে। রক্তে অক্সিজেনের মাত্রা কম থাকার অর্থ হতে পারে যে হৃৎপিণ্ডটি যতটা ভালো কাজ করা উচিত ততটা করছে না। নিউ ইয়র্ক স্টেটে জন্মগ্রহণকারী প্রতিটি শিশুর জন্মের 24 ঘণ্টা পরে স্ক্রীনিংয়ের অংশ হিসাবে একটি পালস অক্সিমেট্রি পরীক্ষা করা হবে।

### আপনার শিশুর পালস অক্সিমেট্রি রিডিং কম এসেছে, এখন কী করবেন?

কিছু শিশুর অক্সিজেনের মাত্রার রিডিং কম আসবে। অক্সিজেনের মাত্রার রিডিং কম হওয়ার অর্থ সবসময় এই নয় যে শিশুটির CCHD আছে। কিছু সুস্থ শিশুরও অক্সিজেনের মাত্রার রিডিং কম হতে পারে যখন জন্মের পর তাদের হৃৎপিণ্ড এবং ফুসফুস মানিয়ে নিতে থাকে। অন্যান্য চিকিৎসাগত সমস্যাও থাকতে পারে যার কারণে আপনার শিশুর pulse ox রিডিং কম আসতে পারে।

আরো পরীক্ষার প্রয়োজন আছে কিনা তা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী সিদ্ধান্ত নেবেন। আপনার শিশুর একটি এক্স-রে, ইলেকট্রোকার্ডিওগ্রাম (“EKG”), এবং/অথবা একটি আল্ট্রাসাউন্ড-এর প্রয়োজন হতে পারে। হৃৎপিণ্ডের আল্ট্রাসাউন্ডকে হার্ট ইকো বা ইকোকার্ডিওগ্রাম বলা হয়।

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনার শিশুকে একজন শিশুর হৃদরোগ বিশেষজ্ঞ (কার্ডিওলজিস্ট) বা অন্যান্য বিশেষজ্ঞদের কাছে রেফার করতে পারেন।

### যদি আমার শিশুর CCHD থাকে তবে কী হবে?

CCHD-এর চিকিৎসা ভিন্ন ভিন্ন হতে পারে তবে এর মধ্যে ওষুধ, চিকিৎসাগত প্রক্রিয়া বা সার্জারি শামিল থাকতে পারে। আপনার সন্তানের মেডিকেল টিম চিকিৎসার সুপারিশ করবেন এবং অন্যান্য বিশেষজ্ঞদের সাথে বিকল্পগুলি নিয়ে আলোচনা করবেন। পিতামাতাদের সতর্ককারী লক্ষণগুলির দিকে নজর রাখা উচিত যেমন ঠোঁট বা ত্বকের রঙ নীলচে হয়ে যাওয়া, শ্বাস নেওয়ার সময় গোঙানির শব্দ করা, দ্রুত শ্বাস নেওয়া, নাসারন্ধ্র ফুলে ওঠা, ঠিকমতো না খাওয়া, অতিরিক্ত ঘুমভাব এবং ওজন ঠিকমতো না বাড়া। যদি আপনার শিশুর মধ্যে এই লক্ষণগুলির কোনোটি দেখা যায়, তবে অবিলম্বে আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

### জন্মগত হৃৎপিণ্ডের ত্রুটি সম্পর্কে তথ্যাবলী

**American Heart Association**
heart.org/en/health-topics/congenital-heart-defects

**রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention)-এর জন্মগত ত্রুটি ও বিকাশজনিত অক্ষমতা সম্পর্কিত জাতীয় কেন্দ্র (National Center on Birth Defects and Developmental Disabilities)**
cdc.gov/heart-defects

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (New York State Department of Health)**
health.ny.gov/birthdefects